চেয়ারম্যান প্রার্থী শুকুর আলীর শুভেচ্ছা বিনমিয় ও দলীয় মনোনয় সংগ্রহ

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে আ.লীগের দলীয় চেয়ারম্যান প্রার্থী তিতুদহ ইউনিয়ন আ.লীগের সভাপতি শুকুর আলী রোববার বেলা সাড়ে ১১টার দিকে চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য, জেলা আ.লীগের সহ সভাপতি, আলী আজগার টগরের সাথে তার নিজ বাসভবনে শুভেচ্ছা বিনিময় করেন।

সেই সাথে গতকালই দুপুর ১২টার দিকে জেলা আ.লীগের কার্যলয় থেকে জেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের হাত থেকে দলীয় প্রতীক নৌকার মনোনয়পত্র সংগ্রহ করেন।

এসময় উপস্থিত ছিলেন, জেলা আ.লীগের সাংগাঠনিক সম্পাদক আ.হান্নান মুন্সি, আ.লীগ নেতা হায়দার আলী, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি অনিক জোয়ার্দ্দার প্রমুখ।

চুয়াডাঙ্গায় থার্টিফার্স্টে উচ্চ শব্দে গান বাজানোর প্রতিবাদের জেরে যুবককে কুপিয়ে জখম

চুয়াডাঙ্গা পৌর এলাকার আরিফ হোসেন (৩৮) নামে এক যুবককে এলোপাতাড়ি কুপিয়ে জখমের ঘটনা ঘটেছে। থার্টি ফার্স্ট রাতে উচ্চ শব্দে গান-বাজনার প্রতিবাদের জের ধরে এই হামলা করা হয়েছে বলে অভিযোগ আহত যুবকের।

গতকাল শনিবার রাত ১০ দিকে পৌর এলাকার মহিলা কলেজপাড়ায় এ ঘটনা ঘটে। আহত আরিফকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের নেওয়া হয়। পরে কর্তব্যরত চিকিৎসক ক্ষতস্থানগুলোতে ৫০-৬০টি সেলাই প্রদান করেন।

আরিফ হোসেন সুমিরদিয়া গ্রামের ক্লাবপাড়ার মৃত আমানত আলীর ছেলে বলে জানা গেছে।

তিনি বলেন, থার্টিফার্স্ট নাইটে পৌর এলাকার কেদারগঞ্জপাড়ার আকবার আলীর ছেলে ছোটনসহ কয়েকজন সুমিরদিয়া স্কুলপাড়া জামে মসজিদের পাশে পিকনিকের আয়োজন করে। সেখানে উচ্চস্বরে সাউন্ড সিস্টেমে গান বাজায় তারা। পাশেই মসজিদ হওয়ায় আমি তাদেরকে আস্তে গান বাজানোর অনুরোধ করি। এ সময় তারা আমাকে গালিগালাজ শুরু করে। এতে আমাদের মাঝে তর্কাতর্কি হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে গান বন্ধ করে দেয়। পরদিন সদর থানায় উভয়পক্ষের উপস্থিতিতে বিষয়টি সমাধান করে দেয় পুলিশ।

আরিফ বলেন, আজ (শনিবার) রাতে চুয়াডাঙ্গা থেকে নিজ ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে বাড়ি ফিরছিলাম। এ সময় শহরের সরকারি আদর্শ মহিলা কলেজের সামনে পৌঁছালে ছোটনসহ কয়েকজন থার্টি ফার্স্টের রাতের ঘটনার জেরে আমার পথরোধ করে। কিছু বোঝার আগেই আমাকে হত্যার উদ্দেশ্যে দেশীয় ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে জখম করে পালিয়ে যায়। পরে স্থানীয়রা আমাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের নেয়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. ওয়াহেদ মাহমুদ রবিন ঢাকা পোস্টেকে বলেন, আহত আরিফ হোসেনের মাথা ও শরীরে বেশ কয়েক জায়গায় ধারালো অস্ত্রের আঘাতে জখমের চিহ্ন আছে। ক্ষতস্থানগুলোতে ৫০-৬০টি সেলাই দেওয়া হয়েছে। প্রাথমিক চিকিৎসা শেষে তাকে ভর্তি করে পর্যবেক্ষণে রাখা হয়েছে। অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য ঢাকা কিংবা রাজশাহী রেফার্ড করা হতে পারে।

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের পরিদর্শক (তদন্ত) মাসুদুর রহমান বলেন, থার্টিফার্স্ট নাইটে গান বাজানোকে কেন্দ্র করে উভয়পক্ষের বিরোধ সৃষ্টি হয়েছিল। সেটি ১ জানুয়ারি উভয়পক্ষের উপস্থিতিতে সমাধান করা হয়েছিল। আজ রাতে আরিফ হোসেনকে কুপিয়ে জখম করা হয়েছে বলে এলাকাবাসী সূত্রে জেনেছি। এ বিষয়ে এখনো কোনো অভিযোগ

পাইনি। তবে অভিযুক্তদের ধরতে পুলিশ ইতোমধ্যে অভিযান চালাচ্ছে।

সারাজীবন চুয়াডাঙ্গা বাসির কথা মনে থাকবে — বিদায়ী জেলা প্রশাসক

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকারকে বদলী জনিত বিদায় সংবর্ধনা দেওয়া করা হয়েছে।

গতকাল দুপুর ১২ টার দিকে চুয়াডাঙ্গা সদর বেগমপুর ইউনিয়ন আয়োজিত নবগঠিত নেহালপুর ইউনিয়ন পরিষদের হল ররুমে এ বিদায় সংবর্ধনা দেওয়া হয়।

বেগমপুর ইউনিয়ন কর্তৃক আয়োজিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বেগমপুর ইউপি চেয়ারম্যান আলী হোসেন জোয়ার্দারের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্যে বিদায়ী জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, আমি ২০১৯ সালের আগষ্ট মাসে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক হিসাবে যোগদান করি। তারপর থেকে আমি পিছিয়ে পড়া মানুষের পাশে থেকে সর্বদা চেষ্টা করেছি কিভাবে তাদের উন্নয়ন করা সম্বাব। আমি যে কোন কাজ করার আগে সব সময় চিন্তা করে কাজ করেছি। মহামারী করোনার মধ্যে সরাকারী সাহায্য ঠিক মতো পেয়েছে কিনা তা আমি খতিয়ে দেখেছি।

এপর্যন্ত আমার কাছে সরকারী সাহায্য নিয়ে দৃর্নীতি করেছে একটি অভিযোগও আসেনি। তাই আমি চুয়াডাঙ্গা বাসির কাছে ঋণি হয়ে থাকলাম সারাজীবন চুয়াডাঙ্গা বাসির কথা মনে থাকবে। আমি পদন্নতি পেয়ে যুগ্ন সচিব হয়ে চলে যাচ্ছি, আমি যেখানেই থাকিনা কেন দেশের জন্য কাজ করবো, মানুষ আমাকে বলে লোকটা ভালো ছিলো এটাই আমার চাওয়া পাওয়া এটাই আমার তৃপ্তি। আমি সব সময় মানুষের কথার মৃল্যেয়ন করি, যে সরকারই ক্ষমতায় আসুক না কেন জনগনই ক্ষমতার মৃল উৎস।

আমি চুয়াডাঙ্গা জেল খানাতে গিয়ে যারা মাদক ব্যাবসায়ী তাদের সাথে

কথা বলে তাদেরকে নগদ অর্থ ও সেলাই মেশিন দিয়ে সহযোগিতা করেছি। তারা আমার কাছে ফোন দেয় স্যার আপনার সেলাই মেশিন পেয়ে এখন অনেক ভালো আছি। তিনি আরও বলেন, তখন আমার নিজের কাছে অনেক তুপ্তি আসে আমার ভালো লাগে এটাই আমার বড় পাওয়া। তিনি সবার কাছে দোয়া চেয়েছেন। আমি যেনো যেখানে থাকি সরকার ও জনগনের সেবা করতে পারি।

ইউপি সচিব ফয়জুর রহমানের প্রানবন্ত উপস্থাপনায় উপস্থিত থেকে আরো বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসাক সার্বিক সাজিয়া আফরিন,

অতিরিক্ত জেলা প্রশাসাক সার্বিক শারমিন আক্তার, সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুইয়া, নির্বাহী ম্যাজিষ্ট্রেট বিএম তারিকুজ্জামান, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম, প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলেন, ইউপি সদস্য জিল্লুর রহমান (জুলমত), কায়েস উদ্দিন, আবু সালেহ, আলী কদর, আহারন নেসা, হালিমা খাতুন, প্রমুখ।

তিতুদহ ইউনিয়নে নির্বাচনী গণসংযোগ করলেন নৌকার প্রার্থী শুকুর আলী

আসন্ন তিতুদহ ইউপি নির্বাচন। আগামী ৭ ফেব্রুয়ারী ৭ ধাপে অনুষ্ঠিত হতে যাচ্ছে ইউপি নির্বাচন। এ নির্বাচনে চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নে দর্শনা থানার আওয়ামীলীগের নৌকার মনোনীত প্রার্থী শুকুর আলীর নির্বাচনী গণসংযোগ করেছেন।
গতকাল শনিবার সন্ধায় ইউনিয়নের ছোট সলুয়া, ৬২ আড়িয়া, গ্রীসনগর বাজার সহ তিতুদহ ইউনিয়নের বিভিন্ন ব্যাবসা প্রতিষ্ঠান ও চায়ের দোকানে দলীয় নেতা কর্মীদের সাথে নিয়ে গণসংযোগ করেন শুকুর আলী। গণসংযোগের এক পর্যায় গ্রামের ছোট সলুয়ার গণি বিশ্বসের মোড়ে মোনাজাত আলীর মুদি দোকানের সামনে গণি বিশ্বাসের সাথে নির্বাচনী গণসংযোগে মিলিত হয় এবং সকলের নিকট দোয়া এবং ভোট কামনা করেন তিতুদহ ইউনিয়নের আওয়ামীলীগের সভাপতি ও দলীয় মনোনীত নৌকার চেয়ারম্যান প্রার্থী শুকুর আলী।
গণসংযোগ কালে উপস্থিত ছিলেন, তিতুদহ আওয়ামীলীগের সহ-সভাপতি,

নজরুল ইসলাম, যুগ্ন সাধারন সম্পাদক শরিফুল ইসলাম ওরফে লিটন মেম্বর, তিতুদহ ইউনিয়ন আওয়ামীগীগ ২নং সচিব হায়দার মল্লিক, ওয়ার্ড সভাপতি জাহাঙ্গীর আলম, ১নং ওয়ার্ড আ.লীগের সাধারন সম্পাদক মহিউদ্দিন মঙ্গল, ২নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক মহিউদ্দিন, আ.লীগ নেতা দলীল লেখক
আব্দুস সামাদ, আবু তালেব, আব্দুল, মোতালেব, বরকত, জীবণ, জহুরুল, আসহাবুল, শুভ, রাসেল, মিরাজ, প্রমুখ।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনা কিশোরীর মৃত্যু, যুবক আহত

বান্ধবীকে সাথে নিয়ে আলমডাঙ্গা বাজারে মোটরসাইকেলে আসার পথে পাখি ভ্যানের ধাক্কায় এক কিশোরীর মৃত্যু হয়েছে। এ ঘটনায় মোটরসাইকেল চালক গুরুত্বর আহত হয়।

ঘটনাটি শনিবার দুপুর ১ টার দিকে পৌর শহরের লালব্রিজ প্রাঙ্গণে ঘটেছে। স্থানীয়রা তাদের উদ্ধার করে আলমডাঙ্গার হারদি স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। নিহত কিশোরী তাবানুর (২১) কুষ্টিয়ার মিরপুর থানার আমবাড়িয়া গ্রামের আঃ রবের মেয়ে। আহত যুবক একই এলাকার আহাদ আলির ছেলে আলামিন (২২)।

জানাগেছে, কুষ্টিয়া মিরপুর থানার আমবাড়িয়া গ্রামের আহাদ আলির ছেলে আলামিন (২২) তার বান্ধবী একই গ্রামের আঃ রবের মেয়ে তাবানুর
(২১) কে নিয়ে আলমডাঙ্গায় যাচ্ছিলো। দুপুর ১ টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার লালব্রিজের নিকট পৌঁছালে বিপরীত দিক থেকে দ্রুত গতিতে ছুটে আসা পাখি ভ্যান।

মোটরসাইকেল সাইড দিতে গিয়ে মোটরসাইকেলের পিছন থেকে ছিটকে পড়ে যায় কিশোরী তাবানুর। স্থানীয়রা তাদের উদ্ধার করে স্থানীয় ক্লিনিকে ভর্তি করে। তাবানুরের অবস্থা আশঙ্কা জনিত হওয়ায় হারদি হাসপাতালে রেফার্ড করে। হাসপাতালে নেওয়ার পথে কিশোরী তাবানুর মারা যায়। এ ঘটনায় আহত মোটরসাইকেল চালক আলামিন প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে যায়।

দুর্ঘটনার খবরটি আমবাড়িয়ায় পৌঁছালে এলাকাজুড়ে শোকের ছায়া নেমে

যায়। রাত ৮ টার দিকে আমবাড়িয়া গোরস্থানে কিশোরীর লাশ দাফন সম্পন্ন হয়।

চুয়াডাঙ্গায় নতুন জেলা প্রশাসক আমিনুল ইসলাম

চুয়াডাঙ্গার নতুন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে পদায়ন পেয়েছেন মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন শৃঙ্খলা অধিশাখা (অতিরিক্ত দায়িত্ব) উপ-সচিব মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

বুধবার (৫ জানুয়ারি) রাষ্ট্রপতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব কে এম মান্নান স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ নিয়োগ দেওয়া হয়েছে। ওই প্রজ্ঞাপনে আরও ১২ জেলার জেলা প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে। চুয়াডাঙ্গার নতুন জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাস খান মানিকগঞ্জ ঘিওর উপজেলার কৃতী সন্তান।

অপরদিকে, চুয়াডাঙ্গার বর্তমান জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) উপ-মহাপরিচালক হিসেবে পদোন্নতি পেয়েছেন। তিনি ২০১৯ সালের ২৯ আগস্ট চুয়াডাঙ্গা জেলা প্রশাসক হিসেবে যোগদান করেছিলেন।

প্রসঙ্গত, চুয়াডাঙ্গা জেলা ছাড়াও বুধবার আরও ১২ জেলায় নতুন জেলা প্রশাসক নিয়োগ দিয়েছে সরকার। জেলাগুলো হলো- সিলেট, রাজবাড়ী, গাজীপুর, নারায়ণগঞ্জ, নওগাঁ, পিরোজপুর, নোয়াখালী, নীলফামারী, ব্রাহ্মণবাড়িয়া, গাইবান্ধা, ঝিনাইদহ এবং চাঁপাইনবাবগঞ্জ

দর্শনা চেকপোস্টে ওমিক্রন তান্ডবে কমছে যাত্রী সংখ্যা

দর্শনা আন্তজার্তিক চেকপোস্টে দিন দিন যাত্রী সংখ্যা কমে যাচ্ছে ভারতে ওমিক্রন বৃদ্ধি পাওয়ায়।যে কোন মুর্হেতে বন্ধ হয়ে যেতে পারে দর্শনা আন্তজার্তিক চেকপোস্ট।

গত ১৯ শে সেপ্টেম্বর ২০২১ সালে দুই দেশের করোনোভাইরাস কম হওয়ায় চালু হয় দর্শনা চেকপোষ্ট। আবার ভারতের পশ্চিমবঙ্গে করোনাভাইরাস ওমিক্রন বৃদ্ধি পাওয়া এবং তা মোকাবেলায় দর্শনা আন্তর্জাতিক চেকপোস্টে গত মঙ্গলবার থেকে সর্বোচ্চ সতর্কতার সাথে যাত্রী যাতায়াত করছে।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিক্যাল অফিসার ডা: আবু হেনা মোহাম্মদ জামাল শুভ জানান দর্শনা চেকপোস্টে নিয়োজিত স্বাস্থ্য কর্মকর্তারা সর্বোচ্চ সতর্কতার সাথে ভারতফেরত পাসপোর্ট যাত্রীদের স্ক্রিনিং ও র্যাপিড এন্ট্রিজেন পরীক্ষার পর দর্শনা কাস্টমস ও ইমিগ্রেশনে পাঠাচ্ছেন। সাথে সাথে ভারত গমনকারীদেরও স্ক্রিনিং করিয়ে পাঠানো হচ্ছে।

দর্শনা ইমিগ্রেশন ওসি মো: আব্দুল আলীম জানান পশ্চিমবঙ্গে করোনাভাইরাস ও ওমিক্রন বৃদ্ধি ও সেখানে নতুন বিধিনিষেধ আরোপ করায় দর্শনা আন্তর্জাতিক চেকপোস্ট দিয়ে পাসপোর্ট যাত্রী যাতায়াত অর্ধেকেরও কমে নেমে এসেছে।

গত মঙ্গলবার ও বুধবার পাসপোর্টধারী যাত্রী সংখ্যা ছিলো ৩শ ও ২শ ৫০ জনের মতো। গত সপ্তাহে ছিলো ৪ শ থেকে ৫ শ জনের মতো।ভারতে পশ্চিমবঙ্গে করোনাভাইরাস দিন দিন বৃদ্ধি পাওয়ায় যাত্রী সংখ্যা কমে যাচ্ছে বলে জানান দর্শনা ইমিগ্রেশনের ইনচার্জ এস আই আঃ আলিম।

আলমডাঙ্গায় ‘অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাসের উদ্বোধন

মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আলমডাঙ্গার নাগদাহ ইউনিয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার ‘অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ’ কাজের শুভ উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকাল ১১টার দিকে উপজেলার ঘোলদাড়ি বাজারস্থ ফুটবল মাঠে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে একযোগে উপজেলার ৭ জন বীর মুক্তিযোদ্ধার বীর নিবাসে কাজের উদ্বোধন করা হয়।

প্রধান অতিথি হিসাবে ‘বীর নিবাস’ প্রকল্প কাজের উদ্বোধন করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা ১ আসনের এমপি সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন।

তিনি বলেন, বঙ্গবন্ধুর কন্যা সে জাতির পিতার মেয়ে। বাবা মা হারা, ভাই বোন হারা এমন কলঙ্ক অধ্যায় পৃথিবীতে কম দেশই আছে। রাষ্ট্র প্রধানদের হত্যা করা হয়েছে এমন ঘটনা অনেক দেশে আছে। কিন্তু একটি পরিবারের সকল সদস্যকে নৃশংস ভাবে হত্যা করা হয়েছে এমন ঘটনা এ দেশ ছাড়া কোন দেশে নেই।

দেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা কেনো এত কাজ করছে। তার বাবার এ দেশকে নিয়ে স্বপ্ন ছিলো। এ দেশ পাকিস্তানের স্বার্বভৌমত্ব হিসাবে পূর্ব পাকিস্তান নামে পরিচিত ছিলো। গত ১৬ ডিসেম্বর আমরা স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন করেছি। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিলো এদেশকে স্বার্বভৌম হিসাবে এ দেশকে প্রতিষ্ঠিত করা। এদেশের মানুষ খুধা, বাসস্থানসহ নিজের স্ব অধিকার নিয়ে জিবনযাপন করবে।

তিনি আরো বলেন, বঙ্গবন্ধুর নির্দেশে আমরা যুদ্ধ করেছি। যুদ্ধে লাখো বীর মুক্তিযোদ্ধারা শহীদ হয়েছেন। আজ তার কন্যা দেশের নেতৃত্ব হাতে নিয়ে এ দেশকে খাদ্য ও দারিদ্র মুক্ত করেছে। এখন কেউ না খেয়ে রাত যাপন করে না। যাদের থাকার ঘর নেই তাদের ঘর করে দিচ্ছে। যাদের জমি নেই তাদের জমি দিচ্ছে।

উদ্বোধনী অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূরের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, আইলহাঁস ইউনিয়নের সভাপতি তোফাজেল হক, সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম বাদল, নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলি আশরাফ মুন্না, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান হায়াত, বীর মুক্তিযোদ্ধা নুর মোহাম্মদ জকু, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশিক ইকবাল স্বপন, খাসকররা ইউনিয়ন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বিল্লাল গণি। উদ্বোধনী অনুষ্ঠানেটি পরিচালনা করে আইলহাঁস ইউনিয়ন পরিষদের সচিব আশাদুল হক।

আলমডাঙ্গায় পোড়ানো হলো প্রায় ২ লাখ লেমিনেটেড এনআইডি কার্ড

আলমডাঙ্গা উপজেলায় জাতীয় পরিচয়পত্রের (এনআইডি কার্ডের) লেমিনেটেডকৃত এক লাখ ৮০ হাজার কার্ড আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে।

বুধবার সন্ধ্যায় আলমডাঙ্গা উপজেলা নির্বাচন কর্মকর্তার উদ্যোগে পৌর জান্নাতুল মাওয়ার গোরস্থানের মসজিদ চত্বরে কার্ডগুলো পোড়ানো হয়।

আলমডাঙ্গা উপজেলা নির্বাচন কর্মকর্তা এজিএম মোস্তফা ফেরদৌস জানান, ইতোমধ্যে এক লাখ ৮০ হাজার স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ করা হয়েছে। বিতরণের সময় পূর্বের পেপার লেমিনেটেডকৃত জাতীয় পরিচয়পত্র জমা রাখা হয়।

বাংলাদেশ নির্বাচন কমিশনের নির্দেশনা মোতাবেক জমাকৃত এসব পেপার লেমিনেটেডকৃত জাতীয় পরিচয়পত্র আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে।

আগুনে পুড়িয়ে বিনষ্ট করার সময় উপস্থিত ছিলেন-আলমডাঙ্গা উপজেলা

নির্বাহী অফিসার রনি আলম নুর, উপজেলা নির্বাচন কর্মকর্তা এজিএম মোস্তফা ফেরদৌস, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি সাইফুল ইসলাম প্রমূখ।

গাংনীতে রোগীর পেটে কাঁচির ঘটনায় তদন্ত কমিটি

মেহেরপুরের গাংনীর রাজা ক্লিনিকের নানা অনিয়ম ও রোগীর পেটে কাঁচি রাখার ঘটনায় ৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে বলে জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকী।

বুধবার দুপুর ২ টায় তদন্ত কমিটি গঠন সংক্রান্ত তথ্য নিশ্চিত করেন তিনি। তিনি বলেন, বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রচার ও প্রকাশিত হওয়ার পর স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক বুধবার ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটির তদন্ত প্রতিবেদন পাওয়ার পর গাংনীর রাজা ক্লিনিকের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। এদিকে রোগীর পেটে কাঁচি রাখার বিষয়টি ভুল ছিলো স্বীকার বলে ভুক্তভুগীর পরিবারকে ক্ষতি পুরন দেওয়া হবে বলে জানিয়েছেন গাংনীর রাজা ক্লিনিকের মালিক ডাক্তার পারভিয়াস হোসেন রাজা।

অপরদিকে, বুধবার বিকালে বাচেনা খাতুনের পেটে থাকা কাঁচি অপারেশনের জন্য চুয়াডাঙ্গা শহরের একটি বেসরকারী ক্লিনিকিকে নেয়া হলে ডায়াবেটিকসের মাত্রা বেশি থাকায় অপারেশন করা সম্ভব হয়নি। তবে ঐ ক্লিনিকের চিকিৎসক জানিয়েছেন ডায়াবেটিকসের মাত্রা কম হলে অপারেশন করে পেট থেকে কাঁচি বের করা হবে।

বাচেনা খাতুনের প্রতিবেশিরা জানায়, ডাক্তার যে কাজ করেছে তা ন্যাক্কার জনক। এ ধরনের কাজ করলে চিকিৎসকের উপর থেকে আস্থা উঠে যায়। এ ঘটনায় গাংনীর রাজা ক্লিনিকের মালিক ডাক্তার পারভিয়াস হোসেন রাজার দৃষ্টান্ত মুলক শাস্তির দাবি জানান।

উল্লেখ্য, গাংনীর রাজা ক্লিনিকে পিত্তথলির পাথর অপারেশনের দীর্ঘ ২০ বছর পর চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার নওদা হাপানিয়া

গ্রামের আব্দুল হামিদের স্ত্রী বাচেনা খাতুনের পেটে কাঁচি পাওয়া গেছে। গত রোববার রাজশাহী মেডিকেল কলেজের নিউরোমেডিসিন বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ রেজা নাসিমের কাছে চিকিৎসা নিতে গেলে তার পরামর্শে এক্স-রে করানো হয়। এক্স-রে রিপোর্টে পেটের মধ্যে প্রায় ৫ ইঞ্চি’র একটি কাঁচির সন্ধান মেলে। এ নিয়ে এলাকায় চাঞ্চল্য’র সৃষ্টি হয়েছে।